**মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫ -২৬ অর্থ বছরের ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত জুন /২০২৬ খি মাসের উপজেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : ফাতেহা তুজ জোহরা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মা ও শিশু সহায়তা কর্মসূচি
চিরিরবন্দর, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর।

তারিখ: ১৩/০৬/২০২৬ খ্রিঃ।
সময় : বেল ১২:৩০ ঘটিকায়
সভায় উপস্থিত সদস্যলনের তালিকা পরিশিষ্ট 'কা।

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে "মা ও শিশু সহায়তা কর্মসূচি সংক্রান্ত সভার কাজ শুরু করেন। সেই সাথে মা ও শিশু সহায়তা কর্মসূচি বিষয়ে আলোচনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আহবান জানান।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে মহিলা বিষয়ক অধিদপ্তরের ২১/০৭/২০২৫ খ্রিঃ তারিখে ৩২,০১.০০০০ .০১২. ০১৬৮.৭৬.২০- ৬০৬ নং স্মারক মূলে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে চিরিরবন্দর উপজেলার প্রত্যেক ইউনিয়নে প্রতি মাসে ১৫ (পনের) জন করে ভাতাভোগী নির্বাচন কারার নির্দেশনা পাওয়া যায়।নির্দেশনার আলোকে ১নং নশরতপুর,২নং সাতনালা ,৩নং ফতেজংপুর, ৬নং অমরপুর, ৭নং আউলিয়াপকুর ,১০ নং পুনট্রি ইউনিয়ন, ১২ নং অলোকডিহি ছাড়া ৫ টি ইউনিয়নের মে/২০২৬ প্রত্যেকে ১৫ জন করে ভাতাভোগী নির্বাচন অনুমোদন হয়েছে। সদস্য সচিব সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির নিকট হতে প্রাপ্ত ভাতাভোগীর প্রাথমিক তালিকা সমূহ যাচাই-বাছাই করে চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত সমূহ:

১। ইউনিয়ন কমিটির নিকট হতে প্রাপ্ত ভাতাভোগীর তালিকা সঠিক প্রতীয়মান হওয়ায় সর্বসম্মতি ক্রমে চূড়ান্ত অনুমোদন করা হয় (তালিকা সংযুক্ত)।

২। ভাতা মঞ্জুরীর পরও যদি দেখা যায় যে, কোন ভাতাভোগী তথ্য গোপন করে বা মিথ্যা তথ্য দিয়ে ভাতাভোগী তালিকা ভুক্ত হয়েছে এবং তা প্রমানিত হয় তাহলে ঐ ভাতাভোগীর ভাতা বাতিল করা হবে।

৩। সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সভার সিদ্ধান্ত মতে চূড়ান্ত অনুমোদিত তালিকা প্রকাশ্য স্থানে/নোটিশ বোর্ডে জনসাধারণের অবলোকনের জন্য টাঙ্গিয়ে দেওয়ার অনুরোধ জানানো হয়।

৪। সিদ্ধান্তের আলোকে নির্বাচিত ভাতাভোগীদের ভাতা প্রদানের জন্য ভাতাভোগীর তালিকা এমআইএস এ অনুমোদনের সকল প্রক্রিয়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন।

৫। নির্বাচিত ভাতাভোগীদের জুলাই/২৫ খ্রি. হতে জুন/২০২৬ খ্রি.স্বাস্থ্য সহাকারী,পরিবারকল্যাণ সহকারীগণ প্রশিক্ষণ প্রদান চলমান থাকবে।

৬। এছাড়াও যে সকল ভাতাভোগীর নিজস্ব আইডি দিয়ে মোবাইল ব্যাংকিং করে নাই তাদের নিজস্ব আইডি দিয়ে হিসাব খোলার পর ইউনিয়ন চেয়ারম্যানদের প্রত্যয়ন সাপেক্ষে হিসাব নং সংশোধন করবেন ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(ফাহমিদা ইসলাম)
উপজেলা মহিলা বিষয়ক অফিসার
ও
সদস্য সচিব
মাও শিশু সহায়তা কর্মসূচি
চিরিরবন্দর, দিনাজপুর

13. 06. 2026
(ফাতেহা তুজ জোহরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মা ও শিশু সহায়তা কর্মসূচি
চিরিরবন্দর, দিনাজপুর